গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৪১.২০২২-১৫৭ তারিখ: ০৬/০২/২০২২ খ্রি.

**বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য (১ম সপ্তাহের) অ্যাসাইনমেন্ট বিতরণ।**

সূত্র: ১। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৪৩১; তারিখ: ১০/০৩/২০২১ খ্রি. এর বিজ্ঞপ্তি
২। এনসিটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০৩.২২.০০১.১৯/৫০১; তারিখ: ০৩ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক ২০২১ সালের ন্যায় ২০২২ সালেও ৬ষ্ঠ থেকে ১০ শ্রেণির শিক্ষার্থীদের জন্য রুব্রিক্সসহ অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। প্রণীত অ্যাসাইনমেন্ট সূত্রোক্ত (১) নং স্মারকের বিজ্ঞপ্তি অনুসারে বাস্তবায়ন করতে হবে। এছাড়া অ্যাসাইনমেন্টে উল্লিখিত মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) অনুযায়ী বিতরণকৃত অ্যাসাইনমেন্ট মূল্যায়ন করতে হবে।

এমতাবস্থায়, ২০২২ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রণয়নকৃত **১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট** বিতরণ করা হলো। বিতরণকৃত অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** অ্যাসাইনমেন্ট (১ম সপ্তাহ)

০৬/০২/2022
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক..................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

# ২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বাংলা**

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ) | শিখনফল/বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | চারপাশের পশু-পাখির প্রতি দায়িত্ব নিরূপণ | শিখনফল: ২০<br>পশু-পাখি ও জীবজন্তুর উপর মানুষের নির্ভরশীলতা উপলব্ধি করতে পারবে এবং তাদের প্রতি যত্নবান হওয়ার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে। | **নির্দেশনা:**<br>• পাঠ্যবই থেকে ‘অতিথির স্মৃতি’ গল্পটি পড়তে হবে।<br><br>**কাজের ধাপ:**<br>• চারপাশে যেসব পশু-পাখি দেখা যায় তার তালিকা তৈরি করতে হবে।<br>• পশু-পাখির প্রতি কোন কোন ধরনের আচরণ দেখা যায়, তা লিখতে হবে।<br>• ‘অতিথির স্মৃতি’ গল্পে পশুর প্রতি নির্মমতার যে চিত্র আছে তার বিবরণ দিতে হবে।<br>• পশু-পাখির প্রতি কোন ধরনের দায়িত্ব পালন করা উচিত, তা লিখতে হবে । | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| | নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর ৩ | ২ | ১ | ০ | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| ক | পশু-পাখির তালিকা তৈরি | - | পশু ও পাখি আলাদা করে তালিকা করতে পারা | পশু-পাখির তালিকা তৈরি করতে পারা | | |
| খ | পশু-পাখির প্রতি আচরণ | নিজের অনুভূতিকে যোগ করে ভালো-মন্দ দু ধরনের আচরণ উল্লেখ করতে পারা | ভালো-মন্দ দু ধরনের আচরণ উল্লেখ করতে পারা | শুধু ভালো বা শুধু মন্দ আচরণ উল্লেখ করতে পারা | | |
| গ | ‘অতিথির স্মৃতি’ গল্পে নির্মমতার চিত্র | | কারণ-সহ নির্মমতার চিত্র তুলে ধরতে পারা | নির্মমতার চিত্র তুলে ধরতে পারা | | |
| ঘ | পশু-পাখির প্রতি দায়িত্ব | পাঁচ-ছয়টি দায়িত্ব উল্লেখ করতে পারা | তিন-চারটি দায়িত্ব উল্লেখ করতে পারা | দু-একটি দায়িত্ব উল্লেখ করতে পারা | | |
| | | | | | **মোট** | |
| | | | | | অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর | ১০ |
| | | | | | ১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ৮-১০ | অতি উত্তম |
| ৬-৭.৯ | উত্তম |
| ৪-৫.৯ | ভালো |
| ৪-এর কম | অগ্রগতি প্রয়োজন |

# ২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: গণিত**

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)</th><th>শিখনফল/বিষয়বস্তু</th><th>অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)</th><th colspan="8">মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td rowspan="8">১</td><td rowspan="8">দ্বিতীয় অধ্যায় : (মুনাফা)<br><br>সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার আন্তঃসম্পর্ক নির্ণয়</td><td rowspan="8">১। মুনাফা কী তা বর্ণনা করতে পারবে।<br><br>২। সরল ও চক্রবৃদ্ধি মুনাফার হার ব্যাখ্যা করতে পারবে।<br><br>৩। ব্যাংকের হিসাব বিবরণী ব্যাখ্যা করতে পারবে।</td><td rowspan="8">ফাবিহা স্কুল থেকে উপবৃত্তি বাবদ ৩২০০ টাকা এবং তার ভাই সাকিব বৃত্তি বাবদ কিছু টাকা পেল। তারা উভয়ে ৫% হার মুনাফায় প্রাপ্ত টাকা একই ব্যাংকে ২ বছরের জন্য জমা রাখলো।<br><br>ক) একই হার মুনাফায় কত বছরে ফাবিহার টাকা মুনাফা-আসলে দেড়গুণ হবে।<br><br>খ) সাকিবের টাকার সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য ১০ টাকা হলে সে কত টাকা বৃত্তি পেয়েছিল?<br><br>গ) সাকিব প্রাপ্ত বৃত্তির টাকা দিয়ে একটি ঘড়ি কিনে, কত টাকায় বিক্রয় করলে ১৫% লাভ হবে?</td><td colspan="2" rowspan="2">নির্দেশক</td><td colspan="5">পারদর্শিতার মাত্রা/নম্বর</td><td rowspan="2">প্রাপ্ত নম্বর</td><td rowspan="8"></td></tr>
<tr><td>৪</td><td>৩</td><td>২</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>ক</td><td>সরল মুনাফার সূত্রের ব্যবহার</td><td>প্রদত্ত তথ্য ও সূত্র ব্যবহার করে সঠিক মান নির্ণয় করতে পারলে</td><td>মুনাফা-আসল ও মুনাফা বের করতে পারলে</td><td>মুনাফা বা মুনাফা-আসল বের করতে পারলে</td><td>তথ্য উপস্থাপন করতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td>খ</td><td>সরল ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য নির্ণয়</td><td>প্রদত্ত তথ্য ও সূত্র ব্যবহার করে সঠিক মান নির্ণয় করতে পারলে</td><td>সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফা বের করতে পারলে</td><td>সরল মুনাফা ও চক্রবৃদ্ধির ক্ষেত্রে সবৃদ্ধিমূল বের করতে পারলে</td><td>সরল মুনাফা অথবা চক্রবৃদ্ধির ক্ষেত্রে সবৃদ্ধিমূল বের করতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td>গ</td><td>লাভ-ক্ষতি নির্ণয়</td><td></td><td></td><td>প্রদত্ত তথ্য ও সূত্র ব্যবহার করে সঠিক মান নির্ণয় করতে পারলে</td><td>লভ্যাংশ বের করতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td colspan="7">মোট</td><td></td></tr>
<tr><td colspan="7">অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর</td><td>১০</td></tr>
<tr><td colspan="7">১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর</td><td></td></tr>
</table>

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ৮-১০ | অতি উত্তম |
| ৬-৭.৯ | উত্তম |
| ৪-৫.৯ | ভালো |
| ৪ এর কম | অগ্রগতি প্রয়োজন |